
# জেন্ডার বৈষম্য



বৈষম্য



সমতা

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার HPNSP স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
Directorate General of Family Planning
Kingdom of the Netherlands
unicef

# জেন্ডার বৈষম্য

## জেন্ডার এবং লিঙ্গ

জেন্ডার হলো সামাজিক ও সাংস্কৃতিকভাবে সৃষ্ট ছেলে ও মেয়েদের মধ্যে পার্থক্য। জন্মগতভাবে ছেলে ও মেয়ে শিশুর মধ্যে লিঙ্গগত পার্থক্য ছাড়া আর কোন পার্থক্য না থাকলেও পরবর্তীতে সামাজিক কারণে ছেলে-মেয়েদের মধ্যে আচার ও আচরণের ক্ষেত্রে ব্যাপক ভিন্নতা দেখা যায়। সামাজিকভাবে তৈরী ছেলে-মেয়েদের পরিচয়, তাদের মধ্যকার সম্পর্ক এবং ভূমিকাকে জেন্ডার বলা হয়।
সেক্স বা লিঙ্গ ছেলে-মেয়েদের শারীরিক পার্থক্য নির্দেশ করে। ছেলে-মেয়েদের মধ্যে শারীরিক অঙ্গ-প্রতঙ্গে পার্থক্য রয়েছে। দেশ, সময়, স্থান বা সমাজে এর পরিবর্তন বা পার্থক্য হয় না। যেমন- মেয়েরা সন্তান ধারণ করতে এবং বুকের দুধ খাওয়াতে পারে, কিন্তু ছেলেরা তা পারে না।

### জেন্ডার ও সেক্স এর মধ্যে পার্থক্যঃ

| সেক্স | জেন্ডার |
|---|---|
| শারীরিক | সামাজিক, সাংস্কৃতিক ও মনস্তাত্ত্বিক |
| সার্বজনীন বা সমগ্র বিশ্বে একই রকম | সমাজ ও সংস্কৃতিভেদে ভিন্ন |
| জন্মগত | সামাজিক ও সাংস্কৃতিকভাবে সৃষ্ট |
| সাধারণত অপরিবর্তশীল | ইচ্ছা করলে পরিবর্তন করা যায় |
| স্থান, কাল, পাত্রভেদে পার্থক্য পরিলক্ষিত হয় না | স্থান, কাল, পাত্রভেদে পার্থক্য পরিলক্ষিত হয় |

### জেন্ডার বৈষম্যঃ

একজন ব্যক্তির শারীরিক ও সামাজিকভাবে সৃষ্ট ভূমিকার উপর ভিত্তি করে যে বৈষম্য করা হয় তাকে জেন্ডার বৈষম্য বলে। নারী ও কন্যা শিশুরা এই বৈষম্যের শিকার বেশি হয়।

- সমাজে বিরাজমান জেন্ডার বৈষম্য
- সমাজে সকল ক্ষেত্রে যেমন শিক্ষা, স্বাস্থ্যসেবা এসব পাবার ক্ষেত্রে মেয়েদের তুলনায় ছেলেদের অগ্রাধিকার;
- পরিবারে কন্যা সন্তান থেকে পুত্র সন্তানের অধিক মুল্যায়ন;
- পরিবারে মেয়েদের তুলনায় ছেলেদের বেশী ও পুষ্টিকর খাবার খেতে দেয়া;
- কন্যা সন্তানকে পড়াশুনা করাতে বাবা-মায়ের অনীহা, পুত্রের পড়াশুনার জন্য ব্যয় করা;
- কন্যা সন্তানকে পরিবারের বোঝা মনে করে অল্প বয়সে বিয়ে দিয়ে দেয়া;
- যৌতুক দাবী করা এবং যৌতুকের কারণে মেয়েদের উপর শারীরিক ও মানসিক নির্যাতন করা;
- অসুস্থ হলে মেয়েদের স্বাস্থ্যসেবা গ্রহণের ব্যাপারে পরিবারের উদাসীনতা;
- সন্তান গ্রহণ ও নিজের শরীর সম্পর্কে সিদ্ধান্ত নিতে না পারার প্রথা;
- কৈশোরে সন্তানধারণ করা;
- মেয়েদের উপর শারীরিক ও মানসিক নির্যাতন খুব স্বাভাবিক ভাবে গ্রহণ করা;
- ছেলেদের তুলনায় মেয়েদেরকে কম পারিশ্রামিক দেয়া;
- ছেলে ও মেয়েদের মাঝে সম্পদের অসম বিতরণ;
- নিজ উপার্জনের উপর মেয়েদের অধিকার না থাকা;
- কর্মক্ষেত্রে মেয়েদের দক্ষতা প্রমাণের সুযোগ না দেয়া;

### জেন্ডার বৈষম্যের প্রভাব

- দীর্ঘদিন অসুস্থতা
- পুষ্টিহীনতা
- রক্তস্বল্পতা
- অপরিণত বয়সে গর্ভধারণ
- মাতৃমৃত্যু
- গর্ভধারণ বিষয়ক জটিলতা থেকে দীর্ঘস্থায়ী অসুস্থতা;
- প্রজননতন্ত্রের প্রদাহ, যৌনরোগ
- মানসিক অসুস্থতা
- অকাল বার্ধক্য
- শারীরিক/মানসিক নির্যাতন
- যৌন হয়রানি ও ইভ টিজিং
- এসিড নিক্ষেপ
- আর্থিকভাবে নির্যাতন
- নারী পাচার ও পতিতাবৃত্তি
- পর্নোগ্রাফি ও অশ্লীল প্রকাশনা
- সাইবার ক্রাইম
- প্রাতিষ্ঠানিক শিক্ষা না পাওয়া অথবা ঝরে পরা

জেন্ডারের এই বৈষম্যকে পরিবার, সমাজ যখন মেনে নেয় ও আইন, নীতি বা মূল্যবোধের মাধ্যমে রাস্ট্র বৈধতা দেয় তখন তা প্রাতিষ্ঠানিক রুপ লাভ করে এবং সেটি বৈষম্য হিসেবে রূপ লাভ করে।

### সাম্য ও সমতার পার্থক্য

পরিবার, সমাজ ও রাস্ট্রের বিভিন্ন কর্মকান্ডে মেয়েরা এখনও পিছিয়ে রয়েছে। তাই ছেলেদের চেয়ে মেয়েদেরকে বেশী সুযোগ সুবিধা দিয়ে সাম্যের (Equity) মাধ্যমে জেন্ডার সমতা (Equality) আনতে হবে।

### জেন্ডার বৈষম্য দূর করার জন্য করণীয়

জেন্ডারবৈষম্য দূরীকরণে প্রয়োজন সচেতনতা ও সামাজিক আন্দোলন। সেক্ষেত্রে যে বিষয়গুলো করা উচিত সেগুলো হচ্ছে ঃ

- জেন্ডার বৈষম্য রোধে সমাজের সকল স্তরে সচেতনতার সৃষ্টি করা;
- মেয়েদের শিক্ষা, মেয়েদের কর্মসংস্থানের সুযোগ, মেয়েদের স্বাস্থ্যসেবা প্রাপ্তি, মেয়েদের নির্যাতন প্রতিরোধ সহ সকল মানবাধিকার নিশ্চিত করা;
- ছেলেদের পাশাপাশি মেয়েদেরও চাকরি ও ব্যবসাসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজের সাথে সম্পৃক্ত হতে পারে, তাই দেশের সার্বিক উন্নয়নে ছেলেদের পাশাপাশি দক্ষ মেয়েশক্তি গড়ে তোলা;
- দক্ষতা অনুসারে সকল কর্মকান্ডে ছেলে - মেয়েদেরও সমান অংশগ্রহণ নিশ্চিত করা;
- মেয়েদের অধিকার রক্ষায় সকল প্রকার আইনি সহায়তা প্রদান নিশ্চিত করা;
- ছেলে - মেয়েদের সমতা বজায় রাখার মাধ্যমে মেয়েদের ক্ষমতায়ন নিশ্চিত করা;
- মেয়েদেরকে সুরক্ষা প্রদানের জন্য দেশের প্রচলিত আইনের প্রয়োগ করা;

**মনে রাখতে হবে : ছেলে ও মেয়ের সব ক্ষেত্রে সমান সুযোগ পাওয়ার অধিকার রয়েছে**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
Directorate General of Family Planning
Kingdom of the Netherlands
unicef